# দ্বিতীয় অধ্যায়: সমাজকর্ম পেশার ঐতিহাসিক প্রেক্ষাপট

## ★★ দরিদ্র আইনের ধারণা

১. কোন যুগের অবসান ঘটলে ভূমিদাস ও তাদের পরিবারের সদস্যরা কর্মহীন হয়ে পড়ে? [জ্ঞান]
ক সামন্ত যুগ  খ পুঁজিবাদী যুগ
গ দাস যুগ  ঘ মধ্য যুগ  ক

২. ইংল্যান্ডে বিভিন্ন আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষাপটে দারিদ্র্য সমস্যা প্রকট আকার ধারণ করে কোন যুগে? [জ্ঞান]
ক প্রাকশিল্প যুগে  খ শিল্প যুগে
গ আধুনিক যুগে  ঘ আদিম যুগে  ক

৩. ১৩৪৮ খ্রিষ্টাব্দের মহামারিতে ইংল্যান্ডের কত শতাংশ লোক মৃত্যুমুখে পতিত হয়? [জ্ঞান]
ক এক-তৃতীয়াংশ  খ দুই-তৃতীয়াংশ
গ এক-চতুর্থাংশ  ঘ এক-পঞ্চমাংশ  খ

৪. দরিদ্র ও অসহায়দের জন্য ইংল্যান্ড সরকার কর্তৃক আইন স্বীকৃত হয় কীভাবে? [অনুধাবন]
ক দরিদ্র আইনের মাধ্যমে
খ শিশু আইনের মাধ্যমে
গ সামাজিক আইনের মাধ্যমে
ঘ মাদক নিয়ন্ত্রণ আইনের মাধ্যমে  ক

৫. ইংল্যান্ডে শ্রমিকদের কর্ম সময় ও মজুরি নিয়মিত করা এবং একটি শিক্ষানবিস ব্যবস্থায় কারিগরি দক্ষতা বাড়ানোর লক্ষ্যে কত খ্রিষ্টাব্দে একটি আইন প্রণয়ন করা হয়? [জ্ঞান]
ক ১৫৬২ খ্রিষ্টাব্দে  খ ১৫৬৩ খ্রিষ্টাব্দে
গ ১৫৬৪ খ্রিষ্টাব্দে  ঘ ১৫৬৫ খ্রিষ্টাব্দে  ক

৬. ১৩৪৮ খ্রিষ্টাব্দে জাতীয় দুর্যোগ হিসেবে কোন দেশে প্লেগ রোগ 'ব্ল্যাক ডেথ' নামে পরিচিতি লাভ করে? *[সফিউদ্দিন সরকার একাডেমী এন্ড কলেজ, টঙ্গী, গাজীপুর]*
ক ফ্রান্স  খ মাল্টা  গ ইতালি  ঘ ইংল্যান্ড  ঘ

৭. ১৩৪৯-১৫৯৭ খ্রিষ্টাব্দ পর্যন্ত প্রণীত আইনগুলো ব্যর্থতায় পর্যবসিত হয় কেন? [অনুধাবন]
ক সরকারের অবহেলায়
খ কতিপয় শ্রেণির ঘৃণ্য দৃষ্টিভঙ্গির কারণে
গ প্রাকৃতিক দুর্যোগের কারণে
ঘ আইনের অপব্যবহারের ফলে  খ

৮. দরিদ্র আইন বলতে বোঝায়— [অনুধাবন]
i. ভিক্ষুক, ভবঘুরে এবং দুঃস্থ কল্যাণে প্রণীত আইন
ii. বেকার, অলস ও সুবিধাবঞ্চিত শ্রেণির কর্মসংস্থান গড়ে তোলার জন্য প্রণীত আইন
iii. দরিদ্রদের শ্রেণিকরণ করে সহায়তা, কর্মসংস্থান এবং প্রয়োজনীয় ক্ষেত্রে শাস্তির বিধান সংবলিত আইন
নিচের কোনটি ঠিক?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii  ঘ

৯. ১৩৪৯-১৫৯৭ খ্রিষ্টাব্দের মধ্যে প্রণীত আইনগুলো প্রণয়ন করা হয়েছিল— [অনুধাবন]
i. ভিক্ষাবৃত্তি রোধকল্পে
ii. শ্রমিক ও ভবঘুরে উন্নয়নে
iii. সন্ত্রাস দূরীকরণে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii  ক

১০. ইংল্যান্ডের রানি প্রথম এলিজাবেথ আইন প্রণয়ন করেন— [অনুধাবন]
i. দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে
ii. ভিক্ষাবৃত্তি রোধ করার জন্য
iii. নিরক্ষরতা দূরীকরণের প্রয়াস হিসেবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii  ক

**নিচের উদ্দীপকটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:**
শান্তির শহর নামক দেশটির সরকার দেশে শান্তি প্রতিষ্ঠার জন্য দারিদ্র্যের হার নিরসনে জোর দেন। এ লক্ষ্যে তিনি নিয়ন্ত্রণমূলক একটি আইন প্রণয়ন করেন।

১১. উদ্দীপকের সরকার নিচের কোন ব্যক্তির প্রতিনিধিত্ব করে? [প্রয়োগ]
ক রানি প্রথম এলিজাবেথ  খ জন মেজর
গ মার্গারেট থ্যাচার  ঘ রাজা অষ্টম হেনরি  ক

১২. এই ব্যক্তির আইন প্রণয়নের ফলে— [উচ্চতর দক্ষতা]
i. দুঃস্থদের কল্যাণ সাধন করা হয়
ii. সমাজসেবামূলক কাজের পরিধি বৃদ্ধি পায়
iii. সামাজিক নিরাপত্তা সৃষ্টি হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii  ঘ

## ★★ ১৬০১ খ্রিষ্টাব্দের এলিজাবেথীয় দরিদ্র আইন, দরিদ্র সংস্কার আইন ১৮৩৪

১৩. কোন আইনকে বর্তমান বিশ্বের আধুনিক ও পেশাদার সমাজকর্মের ভিত্তি হিসেবে বিবেচনা করা হয়? [জ্ঞান]
ক দরিদ্র আইন ১৬০১
খ দরিদ্র সংস্কার আইন ১৮৩৪
গ ১৯০৯ খ্রিষ্টাব্দের শ্রমিক বিনিয়োগ আইন
ঘ বেকারত্ব আইন ১৯৩৪  ক

১৪. ১৬০১ খ্রিষ্টাব্দের দরিদ্র আইন কত খ্রিষ্টাব্দে সংস্কার করা হয়? *[সকল বোর্ড-২০১৬]*
ক ১৮৩৪  খ ১৯০৫
গ ১৯৪২  ঘ ১৯৪৫  ক

১৫. ১৬০১ খ্রিষ্টাব্দের দারিদ্র্য আইন অনুযায়ী কারা সাহায্যার্থী দরিদ্রদের আর্থ-সামাজিক অবস্থা সম্পর্কে তথ্য সংগ্রহ করত? [অনুধাবন]
ক পোপরা  খ সৈন্যরা
গ ম্যাজিস্ট্রেটরা  ঘ ওভারসিয়াররা  ঘ

Teachingbd.com

১৬. এলিজাবেথীয় দরিদ্র আইনে অক্ষম দরিদ্রদের পুনর্বাসনের জন্য কী ব্যবস্থা গ্রহণ করা হয়? [জ্ঞান]
ⓚ শ্রমাগার ⓧ দারিদ্র্যাগার
ⓖ বাহ্যিক সাহায্য
ⓓ কম খরচে ভরণপোষণের ব্যবস্থা করা ⓧ

১৭. ওভারসিয়ারের মাধ্যমে কাদের সাহায্য করা হতো? *[কিশোরগঞ্জ সরকারি মহিলা কলেজ, কিশোরগঞ্জ]*
ⓚ সক্ষম দরিদ্রদের ⓧ অক্ষম দরিদ্রদের
ⓖ মধ্যবিত্তদের ⓓ নির্ভরশীল শিশুদের ⓧ

১৮. অন্ধ বাবা, সুস্থ সবল মা এবং পিতামাতাহীন চাচাতো বোন রায়নাকে নিয়ে রাস্তায় ভিক্ষা করছে শর্মিলা। এ ঘটনায় ইংল্যান্ডে প্রণীত কোন আইনের বৈশিষ্ট্য ফুটে উঠেছে? [প্রয়োগ]
ⓚ ১৬০১ খ্রিষ্টাব্দের দরিদ্র আইন
ⓧ ১৮৩৪ সালের দরিদ্র সংস্কার আইন
ⓖ ১৯০৫ খ্রিষ্টাব্দের দরিদ্র আইন কমিশন
ⓓ ১৯৪২ সালের সামাজিক নিরাপত্তামূলক আইন ⓚ

১৯. ১৮৩৪ খ্রিষ্টাব্দের দরিদ্র সংস্কার আইন প্রণীত হয় কোন সরকারের অধীনে? [জ্ঞান]
ⓚ আর্ল গ্রে-এর লিবারেল সরকারের
ⓧ অষ্টম এডওয়ার্ড-এর সরকারের
ⓖ তৃতীয় হেনরির সরকারের
ⓓ এলিজাবেথীয় ডেমোক্রেটিক সরকারের ⓚ

২০. ১৮৩৪ খ্রিষ্টাব্দের দরিদ্র আইনে দরিদ্র শ্রমাগারকে 'দরিদ্র জেলখানা' হিসেবে অভিহিত করেন কে? [জ্ঞান]
ⓚ জন ব্রিড সামনার ⓧ রিচার্ড ওয়েস্টলার
ⓖ এ্যাডউইন চ্যাডউইক ⓓ কার্ল মার্কস ⓧ

২১. সমাজকর্ম পেশাকে প্রাতিষ্ঠানিক রূপদান ও সমাজসেবা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নিচের কোন আইনের ভূমিকা তাৎপর্যপূর্ণ? [জ্ঞান]
ⓚ ১৮৩৪ খ্রিষ্টাব্দের দরিদ্র সংস্কার আইন
ⓧ ১৯৩১ খ্রিষ্টাব্দের জাতীয় অর্থনীতি আইন
ⓖ ১৯৩৪ খ্রিষ্টাব্দের বেকারত্ব আইন
ⓓ ১৯০৯ খ্রিষ্টাব্দের শ্রমিক বিনিয়োগ আইন ⓚ

২২. ইংল্যান্ডে দরিদ্র সংস্কার আইন ১৮৩৪ প্রণয়নের কত বছরের মধ্যে দরিদ্র সাহায্য ব্যয় এক-তৃতীয়াংশ কমে যায়? [জ্ঞান]
ⓚ এক ⓧ দুই ⓖ তিন ⓓ চার ⓖ

২৩. Outdoor Relief Regulation Order- প্রণীত হয় কখন?
ⓚ ১৮৫১ খ্রিষ্টাব্দে ⓧ ১৮৫২ খ্রিষ্টাব্দে
ⓖ ১৮৫৩ খ্রিষ্টাব্দে ⓓ ১৮৫৪ খ্রিষ্টাব্দে ⓧ

২৪. ১৮৩৪ খ্রিষ্টাব্দের দরিদ্র সংস্কার আইনকে নির্মম বলা হয় কেন? [অনুধাবন]
ⓚ শ্রমাগারে দরিদ্রদের ওপর নির্যাতন করার বিধান থাকায়
ⓧ দরিদ্রদের ভিক্ষাবৃত্তি বন্ধ করে দেওয়ায়
ⓖ দরিদ্রদের সামাজিকভাবে বসবাসের অধিকার কেড়ে নেওয়ায়
ⓓ দরিদ্রদের মেরে ফেলার বিধান থাকায় ⓚ

২৫. 'Oliver Twist' গ্রন্থটি কে রচনা করে? [জ্ঞান]
ⓚ উইলিয়াম শেক্সপিয়ার ⓧ চার্লস ডিকেন্স
ⓖ টমাস মুর ⓓ এডউইন চ্যাডউইক ⓧ

২৬. 'ব্ল্যাক ডেথ' হলো— [অনুধাবন]
i. প্লেগ রোগজনিত মৃত্যু
ii. শিল্প দুর্ঘটনায় মৃত্যু iii. তীব্র শ্রমিক সংকট
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓧ i ও ii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii ⓚ

২৭. Lowest bidder হলো— *[সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ, ফরিদপুর]*
i. আত্মীয়স্বজনের নির্ভরশীল বালক-বালিকাদের দায়িত্ব গ্রহণ
ii. কম খরচে নির্ভরশীল বালক-বালিকাদের দায়িত্ব গ্রহণ
iii. বিনা খরচে নির্ভরশীল বালক-বালিকাদের দায়িত্ব গ্রহণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓧ ii ⓖ i ও ii ⓓ ii ও iii ⓧ

২৮. ১৮৩২ খ্রিষ্টাব্দের রাজকীয় কমিশনের মূল লক্ষ্য ছিল— [অনুধাবন]
i. প্রচলিত আইনের কার্যকারিতা বৃদ্ধি
ii. আইন বাস্তবায়নে প্রশাসনিক দুর্বলতা অনুসন্ধান
iii. আইন বাস্তবায়নে বিভিন্ন কর্মসূচি গ্রহণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓧ ii ও iii ⓖ i ও iii ⓓ i, ii ও iii ⓚ

২৯. দরিদ্র সংস্কার আইন ১৮৩৪-এর আওতায় বিভিন্ন রোগ প্রতিরোধ ব্যবস্থার উন্নয়ন ঘটানো হয়— [অনুধাবন]
i. প্রায় দুইশত শ্রমাগার নির্মাণ করে
ii. চিকিৎসা ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে
iii. দারিদ্র্যাগার সংস্কারের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii ⓧ

http://teachingbd.com

৩০. ১৮৩৪ খ্রিস্টাব্দের দরিদ্র আইন সৃষ্টি হয়েছিল মূলত— [অনুধাবন]
i. দরিদ্র আইনের তীব্র বিরোধিতা ও অসন্তোষের প্রেক্ষিতে
ii. দরিদ্র আইনের প্রশাসন ও প্রয়োগ ব্যবস্থার বাস্তবতা তদন্ত সাপেক্ষে রাজকীয় কমিটি দ্বারা
iii. Nassau W Senior ও Edwin Chadwick-এর কমিটির সুপারিশের প্রেক্ষিতে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

৩১. ১৮৩৪ খ্রিস্টাব্দের আইন প্রয়োগের ক্ষেত্রে অনুসরণ করা হয়— [অনুধাবন]
i. কম যোগ্যতার নীতি
ii. শ্রমাগার পরীক্ষার নীতি
iii. নিয়ন্ত্রণের ক্ষেত্রে বিকেন্দ্রিকরণ নীতি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

**নিচের উদ্দীপকটি পড় এবং ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও:**
প্রাকশিল্প যুগে ইংল্যান্ডের দারিদ্র্য সমস্যা নিয়ন্ত্রণের লক্ষ্যে রানি ১ম এলিজাবেথের সময় একটি আইন প্রণীত হয়। এ আইনে দরিদ্র জনগণের তাৎক্ষণিক অর্থনৈতিক ও বাসস্থানজনিত সমস্যা সমাধানে কার্যকরী পদক্ষেপ নেওয়া হয়।

৩২. উদ্দীপকে কোন আইনের ইঙ্গিত রয়েছে? [প্রয়োগ]
ক ১৬০১ খ্রিস্টাব্দের দরিদ্র আইন
খ ১৮৩৪ খ্রিস্টাব্দের দরিদ্র আইন
গ ১৯০৫ সালের দরিদ্র আইন
ঘ ১৯৪২ সালের দরিদ্র আইন **ক**

৩৩. উদ্দীপকের আইন অনুযায়ী প্রধান বিধান হলো— [উচ্চতর দক্ষতা]
i. স্থানীয় পর্যায়ে দরিদ্রদের মধ্যে ত্রাণ কার্যক্রম পরিচালনা করা
ii. প্যারিশের প্রত্যেক জনগণ কর্তৃক প্যারিশের নিজস্ব দরিদ্র কর প্রদান
iii. সাহায্যদানের সুবিধার্থে দরিদ্রদের বিভক্তিকরণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

★★ ১৯০৫ সালের দরিদ্র আইন কমিশন, ১৯৪২ সালের সামাজিক নিরাপত্তা কর্মসূচি।

৩৪. ১৯০৫ সালের দরিদ্র আইন কমিশনের সুপারিশমালায় স্থানীয় সাহায্য ও সংস্কার প্রশাসনগুলোকে কয়টি অঞ্চলে ভাগ করা হয়েছিল? [জ্ঞান]
ক দুইটি খ তিনটি গ চারটি ঘ পাঁচটি **খ**

৩৫. ১৯০৬ সালের খাদ্য আইনে কী করা হয়েছে? [ন্যাশনাল আইডিয়াল কলেজ, ঢাকা]
ক বিনামূল্যে খাদ্য বিতরণ
খ প্রাথমিক স্কুলের ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে খাবার বিতরণ
গ কাজের বিনিময়ে খাদ্য বিতরণ
ঘ প্রবীণদের বিনামূল্যে খাদ্য বিতরণ **খ**

৩৬. ১৯০৭ সালের শিক্ষা আইনের আলোকে বৃদ্ধদের সামাজিক নিরাপত্তার জন্য কত সালের বৃদ্ধকালীন পেনশন আইন পাস করা হয়? [অনুধাবন]
ক ১৯০৭ সালে খ ১৯০৮ সালে
গ ১৯০৯ সালে ঘ ১৯১১ সালে **খ**

৩৭. ১৯০৯ সালের শ্রমিক বিনিময় আইনে অক্ষম দরিদ্রদের দরিদ্রাগারে রাখার পরিবর্তে কীসের উদ্যোগ নেওয়া হয়? [অনুধাবন]
ক শ্রমাগারে রাখার খ পেনশন দেওয়ার
গ আশ্রমে রাখার ঘ পুনর্বাসনের **ঘ**

৩৮. কোন আইনে বেকার শ্রমিকদের এবং বেকার বিমা বহির্ভূত তাদের জন্য বেকার সাহায্য প্রদানে ব্যবস্থা গৃহীত হয়? [জ্ঞান]
ক শ্রমিক বিনিময় আইন ১৯০৯
খ জাতীয় বিমা আইন ১৯১১
গ বিধবা, এতিম ও বৃদ্ধ পেনশন আইন ১৯২৫
ঘ জাতীয় অর্থনীতি আইন ১৯৩১ **ঘ**

৩৯. কে শিল্পায়িত সমাজে উপার্জনহীনতাকে সমস্যার মূল কারণ হিসেবে চিহ্নিত করেন? [জ্ঞান]
ক রাজা তৃতীয় এডওয়ার্ড
খ অষ্টম হেনরি
গ লর্ড জর্জ হ্যামিল্টন
ঘ উইলিয়াম বিভারিজ **ঘ**

৪০. ইংল্যান্ডে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আদর্শ মডেল হিসেবে স্বীকৃত — [সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক ১৬০১ খ্রিস্টাব্দের দরিদ্র আইন
খ ১৯০৫ সালের দরিদ্র আইন কমিশন
গ বিভারিজ রিপোর্ট
ঘ দান সংগঠন সমিতি **গ**

৪১. বিভারিজ মানবসমাজে অগ্রগতির প্রধান অন্তরায় হিসেবে কয়টি দৈত্যের কথা উল্লেখ করেছেন? [অনুধাবন]
ক তিনটি খ চারটি গ পাঁচটি ঘ ছয়টি **গ**

Teachingbd.com

৪২. বিভারিজ রিপোর্টের ভিত্তিতে যেসব সামাজিক আইন প্রণয়ন করা হয় যেসব কর্মসূচির মধ্যে পারিবারিক ভাতা কর্মসূচি ব্যতীত অন্য কর্মসূচিগুলো কবে চালু হয়? [জ্ঞান]

ক ১ জানুয়ারি ১৯৪৭ খ ১ আগস্ট ১৯৪৬
গ ৫ জুলাই ১৯৪৮ ঘ ৫ নভেম্বর ১৯৪৮ **গ**

৪৩. বিভারিজ রিপোর্টের নির্দেশনা অনুযায়ী তৎকালীন শ্রম আইনের ভিত্তিতে কত ভাগ অক্ষমদের কর্মে নিয়োগের ব্যবস্থা করা হয়? [জ্ঞান]

ক ২% খ ৩% গ ৪% ঘ ৫% **খ**

৪৪. কবে থেকে সরকারি সাহায্য কর্মসূচি কার্যকর হয়? [জ্ঞান]

ক ১ জুলাই ১৯৪৮ খ ৫ জুলাই ১৯৪৮
গ ১ আগস্ট ১৯৪৮ ঘ ৫ আগস্ট ১৯৪৮ **ক**

৪৫. সরকারি সাহায্য কার্যক্রমে জাতীয় সাহায্য বোর্ড এর কতটি আঞ্চলিক কার্যালয় কার্যকরী রয়েছে? [জ্ঞান]

ক ১০টি খ ১২টি গ ২৫টি ঘ ৩৫০টি **খ**

৪৬. ১৯১১ সালের জাতীয় বিমা আইনে শ্রমিকদের স্বাস্থ্য বিমার অর্থের সংস্থান করা হতো— [অনুধাবন]

i. সরকারি অনুদান দ্বারা
ii. শ্রমিকদের চাঁদা দ্বারা
iii. বিভিন্ন সাহায্যকারী সংস্থার অনুদান দ্বারা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ক**

৪৭. দরিদ্র আইন কমিশনের সুপারিশের ওপর ভিত্তি করে যে সামাজিক আইন প্রণীত হয় তা হলো— [অনুধাবন]

i. ১৯০৬ সালের খাদ্য আইন
ii. ১৯০৭ সালের শিক্ষা আইন
iii. ১৯০৮ সালের বৃদ্ধকালীন পেনশন আইন

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

৪৮. ১৯০৫ সালের দরিদ্র কমিশন আইন সমাজকল্যাণের ক্ষেত্রে সুদূরপ্রসারী পরিবর্তন এনেছিল— [অনুধাবন]

i. সামাজিক সমস্যা সমাধানে আইন প্রণয়ন করে
ii. সামাজিক নিরাপত্তা নিশ্চিত করে
iii. জাতীয় অর্থনীতি সমৃদ্ধকরণে ভূমিকা রেখে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **ঘ**

নিচের উদ্দীপকটি পড় এবং ৪৯ ও ৫০ নং প্রশ্নের উত্তর দাও:

'ক' নামক দেশে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর সামাজিক অনিশ্চয়তা দেখা দেয়। উক্ত সমস্যা নিরসনের জন্যে ১৯৪২ সালে 'ক' দেশে সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচির সূচনা হয়। উক্ত কর্মসূচির অন্তর্ভুক্ত বিষয়সমূহের মধ্যে উল্লেখযোগ্য হলো শিল্প দুর্ঘটনা বিমা, পারিবারিক ভাতা ইত্যাদি।

৪৯. উদ্দীপকে বর্ণিত 'ক' দেশ নিচের কোন দেশকে নির্দেশ করে? [প্রয়োগ]

ক আমেরিকা খ অস্ট্রেলিয়া
গ শ্রীলংকা ঘ ইংল্যান্ড **ঘ**

৫০. উক্ত কর্মসূচির কার্যকারিতা— [উচ্চতর দক্ষতা]

i. শ্রমিকদের পেশাগত নিরাপত্তার ক্ষেত্রে সহায়ক হবে
ii. বেশ কিছু সংখ্যক পরিবারকে আর্থিকভাবে উপকার করবে
iii. জনগণকে সুচিকিৎসা থেকে বঞ্চিত করবে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii **ক**

## ★★ সমাজকর্ম পেশার ইতিহাসে বিভিন্ন সংগঠনের ভূমিকা ও কার্যক্রম

৫১. কীসের ধারণা বিবর্তিত হয়ে পেশাদার সমাজকর্মের বীজ রোপিত করে? [অনুধাবন]

ক সমাজসেবার খ দান সংগঠন সমিতির
গ সামাজিক নিরাপত্তার ঘ সামাজিক বিমার **খ**

৫২. ম্যারি রিচমন্ড এর চালুকৃত পেশাগত শিক্ষাব্যবস্থা পরবর্তীতে কীসে উন্নীত হয়? [অনুধাবন]

ক চ্যারিটিস রিভিউ
খ নিউইয়র্ক স্কুল অব সোশ্যাল ওয়ার্ক
গ একাডেমি অব সোশ্যাল ওয়ার্ক
ঘ ন্যাশনাল স্কুল অব সোশ্যাল ওয়ার্ক **খ**

৫৩. ১৯৫৯ সালে কোন সমাজবিজ্ঞানী দাবি করেন যে, সমাজকর্ম পেশার মর্যাদা অর্জন করেছে? [জ্ঞান]

ক ডব্লিউ. এ ফ্রিডল্যান্ডার
খ আর্নেস্ট গ্রিনউড গ জন সি কিডনে
ঘ ওয়ানার ডব্লিউ বোয়েম **ঘ**

৫৪. COS হলো— [সরকারি মজিদ মেমোরিয়াল সিটি কলেজ, খুলনা]

ক Community Organization Strategy
খ Charity Organization Society
গ Client of Success ঘ কোনটি নয় **খ**

http://teachingbd.com

৫৫. দান সংগঠন সমিতি গড়ে তোলা হয়েছিল— [অনুধাবন]
i. দরিদ্রদের কার্যকরভাবে সহায়তা দেওয়ার জন্য
ii. দান কার্যক্রমের পরিধি বৃদ্ধির জন্য
iii. দান কাজের দ্বৈততা প্রতিরোধ করার জন্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **খ**

৫৬. দান সংগঠন সমিতির উদ্দেশ্য হলো— [অনুধাবন]
i. বিভিন্ন ত্রাণ বিতরণকারী সংগঠনের মধ্যে প্রতিযোগিতা বৃদ্ধি করা
ii. সম্পদের অপচয় রোধ করা
iii. বিভিন্ন রকম দান কার্যক্রমের পুনরাবৃত্তি রোধ করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii **গ**

অনুচ্ছেদটি পড়ে ৫৭ ও ৫৮ নং প্রশ্নের উত্তর দাও:
সমাজকর্ম পেশার বিকাশে একটি সংগঠন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। উনবিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে উক্ত সংগঠনটির উদ্ভব ঘটে। সংগঠনটির অন্যতম লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে সম্পদের অপচয় রোধ করা, দরিদ্রদের কার্যকরভাবে সহায়তা দেওয়া ইত্যাদি। *[ন্যাশনাল আইডিয়াল কলেজ, ঢাকা]*

৫৭. অনুচ্ছেদে বর্ণিত সংগঠনটির সাথে নিচের কোনটির সাদৃশ্য রয়েছে?
ক দান সংগঠন সমিতি
খ রেড ক্রিসেন্ট সমিতি
গ সি ও এস
ঘ আমেরিকান সমাজকর্মী সমিতি **গ**

৫৮. উক্ত সংগঠনটির লক্ষ্য ও উদ্দেশ্য—
i. সম্পদের অপচয় রোধ করা
ii. দরিদ্রদের কার্যকরভাবে সহায়তা দেওয়া
iii. অনিয়ম-দুর্নীতি রোধ করা
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ i ও ii ঘ i, ii ও iii **ঘ**

## ★ জাতীয় সমাজকর্মী সমিতি, কাউন্সিল ফর সোস্যাল ওয়ার্ক এডুকেশন

৫৯. পেশাদার কর্মীদের যোগ্যতা ও দক্ষতা অর্জন নিশ্চিত করতে কোন সমিতি বিশেষ ভূমিকা পালন করে? [জ্ঞান]
ক Academy of Certified Social Workers
খ Academy in Certified Social Workers
গ Academy with Certified Social Workers
ঘ Association of Social Workers **ক**

৬০. সমাজকর্মীদের লাইসেন্স প্রদানের ক্ষেত্রে পরীক্ষার বিকল্প হিসেবে কোন সদস্যপদ প্রাপ্তিকে শর্ত হিসেবে গ্রহণ করে? [জ্ঞান]
ক ACSW খ ASCW
গ ASWF ঘ NASW **ক**

৬১. সমাজকর্ম পেশার গুরুত্বপূর্ণ Reference গ্রন্থ প্রকাশ করে কোনটি? [জ্ঞান]
ক *The Social Work*
খ *Encyclopedia of Social Work*
গ *Social Work Research and Abstracts*
ঘ *Academy of Certified Social Work* **খ**

৬২. জাতীয় সমাজকর্মী সমিতি প্রতিষ্ঠা করা হয় কেন? [অনুধাবন]
ক সমাজকর্ম পেশার মান উন্নয়নে
খ দরিদ্র জনগোষ্ঠীকে সাহায্য প্রদানে
গ বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টিতে
ঘ সংগঠিত পর্যায়ে সমাজকল্যাণমূলক কার্যক্রম পরিচালনায় **ক**

৬৩. পেশাদার সমাজকর্মীরা সাহায্যার্থীর সুপ্ত প্রতিভার বিকাশ ঘটিয়ে সাহায্যার্থীকে সমস্যা সমাধানে উপযোগী করে তোলে। সমাজকর্মীদের এ ধরনের কাজে কোন নীতির বহিঃপ্রকাশ ঘটে? [উচ্চতর দক্ষতা]
ক স্বাবলম্বন নীতির খ সাম্যনীতির
গ সামগ্রিক নীতির ঘ গোপনীয়তার নীতির **ক**

৬৪. কয়টি সংগঠন একত্রিত হয়ে NASW গঠিত হয়? [জ্ঞান]
ক ৭টি খ ৯টি গ ৮টি ঘ ৬টি **ক**

৬৫. "এনসাইক্লোপিডিয়া অব সোশ্যাল ওয়ার্ক"— গ্রন্থটি কোন প্রতিষ্ঠান কর্তৃক প্রকাশিত হয়? *[সকল বোর্ড-২০১৫]*
ক COS খ NASW
গ AASW ঘ CSWE **খ**

৬৬. NASW এর Board of Directors-এর প্রেসিডেন্টের দায়িত্ব কে পালন করেন? [জ্ঞান]
ক NASW এর নির্বাহী পরিচালক
খ NASWF এর নির্বাহী পরিচালক
গ ACSW এর নির্বাহী পরিচালক
ঘ NASW এর সভাপতি **ক**

৬৭. বিশ্বব্যাপী পেশাদার সমাজকর্ম শিক্ষার বিকাশ ও প্রসারে কার্যকর ভূমিকা পালনকারী পেশাগত সংগঠনগুলোর মধ্যে কোনটি বিশেষভাবে উল্লেখযোগ্য? [জ্ঞান]
ক NASW খ CSWE
গ AASSW ঘ NASSA **খ**

৬৮. যোগ্যতাসম্পন্ন দক্ষ সাংবাদিক সৃষ্টিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দিক নির্দেশক হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক সমিতি নামে একটি সংগঠন গড়ে তোলা হয়েছে। এ সংগঠনটি নিচের কোনটির প্রতিনিধিত্ব করছে? [প্রয়োগ]
ক COS খ NASW
গ CSWE ঘ SWYB **গ**

Teachingbd.com

৬৯. NASW হচ্ছে— *[মিরপুর গার্লস আইডিয়াল ল্যাবরেটরি ইনস্টিটিউট, ঢাকা]*
i. সমাজকর্মীদের সংগঠন
ii. পেশাজীবীদের সংগঠন
iii. দরিদ্রদের সংগঠন
**নিচের কোনটি সঠিক?**
ক i  খ ii  গ i ও ii  ঘ i, ii ও iii  **ক**

৭০. **NASW সমাজকর্ম পেশার মান উন্নয়নে ভূমিকা রাখছে—** [অনুধাবন]
i. সমাজকর্মীদের দক্ষতা ও যোগ্যতা নিশ্চিত করে
ii. বিভিন্ন শিক্ষামূলক কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করে
iii. দরিদ্র জনগোষ্ঠীকে সাহায্য প্রদান করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii  **ক**

৭১. **NASW-এর ত্রৈমাসিক পত্রিকা 'Social Work Research and Abstracts' প্রকাশ করে—** [অনুধাবন]
i. সমাজকর্ম শিক্ষার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়াদি
ii. গবেষণার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়াদি
iii. প্রয়োগের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়াদি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii  **ঘ**

৭২. **আধুনিক সমাজকর্মীদের পেশাগত দিক বিবেচনায় NASW-র আওতায়—** [অনুধাবন]
i. নৈতিক মানদণ্ড প্রণয়ন করা হয়
ii. লাইসেন্স প্রদান করা হয়
iii. ব্যবহারিক নীতিমালা প্রণয়ন করা হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii  **খ**

৭৩. **CSWE-এর কাজের পরিধি হলো—** [অনুধাবন]
i. সমাজকর্ম শিক্ষা সংক্রান্ত
ii. সমাজকর্মীদের প্রশিক্ষণ সংক্রান্ত
iii. সমাজকর্ম পেশার মান উন্নয়ন সংক্রান্ত
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii  **ক**

**নিচের উদ্দীপকটি পড় এবং ৭৪ ও ৭৫ নং প্রশ্নের উত্তর দাও:**
আমেরিকার ৭টি পেশাগত সংগঠনের সমন্বয়ে একটি সমিতি গঠিত হয়েছে। সমিতিটি সমাজকর্ম পেশার মানোন্নয়নে কাজ করে যাচ্ছে। উক্ত সমিতির প্রাথমিক লক্ষ্যের মধ্যে রয়েছে সংগঠনগুলোর কর্মীদের পেশাগত মানোন্নয়ন, বাস্তব উপযোগী নীতি প্রণয়ন ইত্যাদি।

৭৪. **উদ্দীপকে কোন প্রতিষ্ঠানটির কথা বলা হয়েছে মিল রয়েছে?** [প্রয়োগ]
ক এনএএসডব্লিউ  খ জাতীয় মহিলা সমিতি
গ সিএসডব্লিউই  ঘ দান সংগঠন সমিতি  **ক**

৭৫. **এ প্রতিষ্ঠানটির প্রাথমিক লক্ষ্য সমাজকল্যাণমূলক সংগঠনগুলোকে—** [উচ্চতর দক্ষতা]
i. বাস্তবসম্মত পরিকল্পনা গ্রহণে সহায়তা করবে
ii. অধিকতর কার্যকর করবে
iii. আর্থিকভাবে লাভবান করবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ ii ও iii  গ i ও iii  ঘ i, ii ও iii  **ক**

## ★★ শিল্প বিপ্লব, আর্থ-সামাজিক জীবনে শিল্প বিপ্লবের প্রভাব, সমাজকর্ম পেশার বিকাশে শিল্প বিপ্লবের ভূমিকা

৭৬. **কোন শতাব্দীতে ফরাসি লেখকদের রচনায় শিল্প বিপ্লব প্রত্যয়টি ব্যবহৃত হয়?** [জ্ঞান]
ক উনবিংশ শতাব্দীতে
খ উনবিংশ শতাব্দীর আঠারো দশকে
গ উনবিংশ শতাব্দীর উনিশ দশকে
ঘ উনবিংশ শতাব্দীর বিশ দশকে  **ঘ**

৭৭. **কোন বিষয়টিকে আধুনিক যুগের আরম্ভকাল হিসেবে বিবেচনা করা হয়?** [জ্ঞান]
ক কৃষির উন্নয়ন  খ শিক্ষার বিস্তার
গ শিল্প বিপ্লব  ঘ সমাজকর্মের বিকাশ  **গ**

৭৮. **শিল্প বিপ্লব সংঘটিত হয় —** *[সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা]*
ক ১৭৭১ থেকে ১৮০০  খ ১৭৫০ থেকে ১৮৪০
গ ১৭৬০ থেকে ১৮৫০  ঘ ১৭৮০ থেকে ১৮৭০  **গ**

৭৯. **'ধনতান্ত্রিক ব্যবস্থা পুরোপুরি গড়ে উঠেছিল যে অবস্থার মধ্য দিয়ে ইতিহাসে তার নাম দেওয়া হয়েছে শিল্প বিপ্লব'— উক্তিটি কার?** [জ্ঞান]
ক অমিত সেন  খ লেডি উইলিয়ামস
গ আরনল্ড টয়েনবি  ঘ অধ্যাপক মেয়ার  **ক**

৮০. **১৮৭০ সাল থেকে বিংশ শতাব্দীর প্রথম পর্যন্ত কোন কোন দেশে শিল্প বিপ্লব সংঘটিত হয়?** [জ্ঞান]
ক ইংল্যান্ড ও জাপান  খ জার্মানি ও যুক্তরাষ্ট্র
গ ইতালি ও জার্মানি  ঘ যুক্তরাষ্ট্র ও ইংল্যান্ড  **খ**

৮১. **প্রচলিত পদ্ধতির পরিবর্তন সাধন করে যান্ত্রিক পদ্ধতিতে পরিবর্তনকে কী বিপ্লব বলে?** [জ্ঞান]
ক রাজনৈতিক বিপ্লব  খ সামাজিক বিপ্লব
গ শিল্প বিপ্লব  ঘ কৃষি বিপ্লব  **গ**

৮২. **বর্তমানে ৪ জন শ্রমিকের কাজ শিল্প বিপ্লবের আগে ১০০ জন শ্রমিক করত। তাহলে শিল্প বিপ্লবের পরে ২ জন শ্রমিক পূর্বের কতজন শ্রমিকের কাজ করতে পারবে?** *[সকল বোর্ড-২০১৬]*
ক ২০ জন  খ ৩০ জন
গ ৪০ জন  ঘ ৫০ জন  **ঘ**

Teachingbd.com

৮৩. শিল্প বিপ্লবের প্রভাবে যান্ত্রিক শিল্পের উদ্ভাবন হলে সমাজে কোন সমস্যার সৃষ্টি হয়? [জ্ঞান]
ক বেকারত্ব খ যোগাযোগ
গ যাতায়াত ঘ অর্থনৈতিক ক

৮৪. সমাজে আমূল পরিবর্তন সংঘটিত হয় কেন? [সরকারি হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জ]
ক কৃষি বিপ্লবের ফলে খ শিল্প বিপ্লবের ফলে
গ নগরায়ণের ফলে ঘ শহরায়নের ফলে খ

৮৫. কোন কারণে অতীতের উৎপাদন পদ্ধতির আমূল পরিবর্তন সাধন হয়? [অনুধাবন]
ক বিজ্ঞান ও জ্ঞানের বিকাশের জন্যে
খ সহজ বিনিময় মাধ্যমের জন্যে
গ যান্ত্রিক প্রযুক্তি ও শক্তির ব্যবহারের জন্যে
ঘ পেশাগত সমাজকর্মের জন্যে গ

৮৬. কীভাবে পুরো পৃথিবী বিশ্বগ্রামে পরিণত হয়েছে? [জ্ঞান]
ক সাংস্কৃতিক ঐতিহ্য পরিবর্তনের ফলে
খ শিল্প বিপ্লবের প্রভাবে
গ রাজনৈতিক চিন্তাচেতনা পরিবর্তনের কারণে
ঘ ধর্মীয় রীতিনীতির পরিবর্তনের ফলে খ

৮৭. শিল্প বিপ্লবোত্তর সমাজে সামাজিক স্থিতিশীলতা বজায় রেখে স্বাভাবিক উন্নয়ন নিশ্চিতকরণে কোনটির প্রতি গুরুত্বারোপ অপরিহার্য হয়ে পড়ে? [জ্ঞান]
ক অর্থনৈতিক নিরাপত্তা খ সামাজিক নিরাপত্তা
গ আত্মনির্ভরশীলতা ঘ ধর্মীয় মূল্যবোধ গ

৮৮. শিল্প বিপ্লবের পর কেন সমাজকর্ম শিক্ষা কর্মসূচি চালু করা হয়? [অনুধাবন]
ক বস্তুগত ও অবস্তুগত সংস্কৃতির ব্যবধানের জন্যে
খ মনস্তাত্ত্বিক উপাদানের ঘাটতির জন্যে
গ নতুন কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের জন্যে
ঘ অপরাধপ্রবণতা বৃদ্ধির জন্য গ

৮৯. বিপ্লব ধারণাটি ইঙ্গিত প্রদান করে— [অনুধাবন]
i. প্রচলিত ব্যবস্থার দ্রুত পরিবর্তনে
ii. সামাজিক ব্যবস্থার দ্রুত সংস্কারে
iii. প্রতিষ্ঠিত ব্যবস্থার দ্রুত উন্নয়নে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii খ

৯০. শিল্প বিপ্লবের ফলে মানুষ ও তার সামগ্রিক সামাজিক জীবনে যে পরিবর্তন হয়েছে সেগুলো হলো— [অনুধাবন]
i. চিন্তাধারা ও মানসিক পরিবর্তন
ii. সামাজিক ও জীবনধারার পরিবর্তন
iii. অর্থনৈতিক ও সচ্ছলতার পরিবর্তন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

৯১. শিল্প বিপ্লব বলতে বোঝায়— [অনুধাবন]
i. উৎপাদনে যান্ত্রিক প্রযুক্তির প্রচলন
ii. শহরকেন্দ্রিক জীবন ব্যবস্থার প্রবর্তন
iii. শিল্প ক্ষেত্রে স্বল্প স্থায়ী পরিবর্তন
নিচের কোনটি সঠিক ?
ক ii খ i ও ii গ ii ও iii ঘ i, ii ও iii ক

৯২. শিল্প বিপ্লবের অন্যতম যুগান্তকারী ফসল হলো— [অনুধাবন]
i. নারীর অধিকার প্রতিষ্ঠা
ii. অধিকার উপভোগের স্বাধীনতা
iii. অর্থনৈতিক ক্ষমতায়ন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

৯৩. শিল্প বিপ্লবের ফলে সৃষ্টি হয়েছে— [তালা সরকারি কলেজ, সাতক্ষীরা]
i. শ্রমিক শ্রেণি
ii. পুঁজিপতি শ্রেণি iii. জমিদার শ্রেণি
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ ii ও iii ঘ i, ii ও iii খ

৯৪. নগর সভ্যতার বিকাশ ঘটার কারণ হলো— [অনুধাবন]
i. শিল্প বিপ্লব
ii. গ্রামীণ জনগণ শহরে স্থানান্তর
iii. সস্তা শ্রমিক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii ক

৯৫. শিল্প বিপ্লবের নেতিবাচক প্রভাব হিসেবে লক্ষণীয়— [অনুধাবন]
i. সামাজিক ও অর্থনৈতিক নিরাপত্তাহীনতা
ii. পারিবারিক ভাঙন
iii. সামাজিক মূল্যবোধের অবক্ষয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৯৬ ও ৯৭ নং প্রশ্নের উত্তর দাও:**
বহু বছর ধরে সোবহান সাহেব লন্ডনে বসবাস করছেন। গত বছর তার মেয়ে অনিতাও লন্ডনে পাড়ি জমায়। লন্ডন শহর দেখে অনিতা অবাক হয়। এত উন্নয়নও প্রগতি আগে সে কখনো দেখেনি। সোবহান সাহেব মেয়েকে বলেন, অবাক হওয়ার কিছু নেই। এ হচ্ছে বিপ্লবের ফল, যা বিশ্বব্যাপী মানুষের আর্থ-সামাজিক পরিবর্তন এনেছে।

৯৬. উদ্দীপকের সোবহান সাহেব কোন বিপ্লবের প্রতি ইঙ্গিত করেছেন? [প্রয়োগ]
ক গণতান্ত্রিক বিপ্লব খ শিল্প বিপ্লব
গ রুশ বিপ্লব ঘ সবুজ বিপ্লব খ

৯৭. এ বিপ্লবের ফলে— [উচ্চতর দক্ষতা]
i. শিল্পায়ন ও নগরায়ণ ত্বরান্বিত হয়
ii. নানা ধরনের সামাজিক সমস্যার সৃষ্টি হয়
iii. বিশ্বব্যাপী উন্নয়নের জোয়ার আসে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii ঘ

http://teachingbd.com